পদ হারানোর ভয়ে শপথ নিচ্ছেন না বিএনপির মহাসচিব: হানিফ

নিউজ ডেক্স : দলীয় পদ হারানোর ভয়ে বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর এমপি হিসেবে শপথ নিচ্ছেন না বলে মন্তব্য করেছেন আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক মাহবুবউল আলম হানিফ। এ জন্য তিনি গণতন্ত্র ও জনরায়ের প্রতি শ্রদ্ধা জানিয়ে বিএনপির নির্বাচিত সবাইকে শপথগ্রহণের আহ্বান জানান।

আজ সোমবার সকালে রাজধানীর বঙ্গবন্ধু অ্যাভিনিউয়ে আওয়ামী লীগের খুলনা বিভাগীয় নেতাদের সঙ্গে এক বর্ধিতসভায় তিনি এ কথা বলেন।

হানিফ আরো বলেন, বিএনপি নিজেদের ভুলে বিলুপ্তির পথে। বিএনপি-জামায়াত দেশের জন্য একটি বিষফোঁড়া। এই ফোঁড়া যতদিন থাকবে দেশের বিরুদ্ধে ততদিন ষড়যন্ত্রও থাকবে।

এ ছাড়াও অনুষ্ঠানে আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক আবদুর রহমান বলেন, আওয়ামী লীগের অনেক নেতা নিজের দল ভারী করতে জামায়াত-শিবিরসহ বিভিন্ন অনুপ্রবেশকারীদের ঠাঁই দিচ্ছেন, যা আওয়ামী লীগের জন্য অশনিসংকেত।